



উপজেলা পরিক্রমা আটঘড়িয়া

আটঘড়িয়া (পাবনা), ৪ মে (সংবাদদাতা)।— পাবনা জেলার একটি উপজেলা, নাম 'আটঘড়িয়া'। শহর থেকে ৭ কিলোমিটার উত্তরে এ উপজেলা অবস্থিত।

আয়তন ও লোকসংখ্যা

১৯৮১ সালের আদমশুমারী অনুযায়ী এ উপজেলার লোকসংখ্যা ১,০৪,১৫১। তার মধ্যে পুরুষ ৫৩,৬৪০ জন ও মহিলা ৫০,৫১১ জন। মোট পরিবারের সংখ্যা ১৬,৫০৭টি। ইউনিয়ন ৫টি। মৌজা সর্বমোট ১১১টি।

কৃষি ব্যবস্থা

এ উপজেলায় মোট জমির পরিমাণ ৫৭,৮৬৩ একর। তার মধ্যে আবাদী জমি ৪৬,০৮০ একর। আবাদযোগ্য পতিত জমি ২,৬৩৫ একর। একফসলী ২১,৯৪০ একর, দোফসলী জমি ১৪,০৫১ একর ও তিনফসলী জমি ২,৬০৭ একর। এ উপজেলায় অধিকাংশই কৃষিজীবী। এখানে বিদ্যুতচালিত নলকূপের সংখ্যা ৩,২৫০টি ও অগভীর নলকূপ ৬৮টি।

শিক্ষা ব্যবস্থা

এ উপজেলায় ৫৯টি প্রাথমিক বিদ্যালয়

১টি জুনিয়র হাই স্কুল, ৭টি হাই স্কুল, ১টি কলেজ ও ২৩টি মাদ্রাসা রয়েছে।

স্বাস্থ্য ব্যবস্থা

এ উপজেলায় ৫ শয্যাবিশিষ্ট একটি স্বাস্থ্য কমপ্লেক্স আছে। তাছাড়া ১টি সরকারী দাওয়াখানা ও ২২ জন ডাক্তার রয়েছে।

যোগাযোগ ব্যবস্থা

এ উপজেলার যোগাযোগ ব্যবস্থা মোটামুটি ভাল। এখানে ৭ মাইল পাকা রাস্তা, ৫ মাইল আধা পাকা ও ইট বিছানো এবং ২৪০ মাইল কাঁচা রাস্তা আছে। উপজেলা শহর থেকে পাবনা সদরের সাথে যোগাযোগ ব্যবস্থা চলনসই। পাবনা টু আটঘড়িয়া বাস চলাচল করে থাকে।

হাটবাজার

এ উপজেলায় প্রতিদিনের বাজারের সংখ্যা ৩ এবং সাপ্তাহিক হাটের সংখ্যা ১৪।

চিত্তবিনোদন

এ উপজেলায় চিত্তবিনোদনের জন্য ১টি সিনেমা হল ও ২টি ক্লাব রয়েছে।

সরকারী অফিস

এ উপজেলায় সরকারী অফিসের সংখ্যা ২০টি, পোস্ট অফিস ৭টি ও ব্যাংক ৬টি।